# অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন কার্যকর ও দ্রুত বাস্তবায়নের জন্য অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন বাস্তবায়ন জাতীয় নাগরিক সমন্বয় সেল-এর পক্ষ থেকে উত্থাপিত দাবীসমূহ-

১. সর্বশেষ গত ২৪.১১.২০১৬ ইং তারিখে মন্ত্রীপরিষদের সভা থেকে প্রত্যাহারকৃত বিলের ৭ নং দফায় উল্লেখিত ২৯ক ধারার সংযোজনী ব্যাতিরেকে বাদবাকী দফাসম্বলিত বিল সংশোধনী আইনে পরিণত করার জন্য মন্ত্রীপরিষদে অনতিবিলম্বে উত্থাপন করতে হবে।

২. অবিলম্বে ভূমি মন্ত্রণালয় থেকে গত ১২ এপ্রিল, ২০১৬ ইং তারিখে জারিকৃত "অর্পিত সম্পত্তির 'ক' তালিকায় প্রকাশিত গেজেটে বাদপড়া এবং ভুল হওয়া সম্পত্তির সংশোধনী গেজেট প্রকাশ প্রসংগে" পরিপত্রটি প্রত্যাহার করতে হবে এবং মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বাদপড়া তালিকার নামে নতুন করে অর্পিত সম্পত্তির আর কোন তালিকা প্রকাশ করা হবে না বলে সুস্পষ্ট ঘোষণা দিতে হবে।

৩. যে সকল ক্ষেত্রে ভুক্তভোগীদের পক্ষে রায় প্রদান করা হয়েছে তা বাস্তবায়নে জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দ্রুত কার্যকর করতে হবে। অহেতুক আপীলের নামে প্রশাসনিক কর্তৃপক্ষের হয়রানী বন্ধ করতে হবে।

৪. 'খ' তফসিলভুক্ত সম্পত্তির খাজনা নেবার ক্ষেত্রে এক শ্রেণীর দুর্ণীতিগ্রস্ত তহসিল অফিসের অস্বীকৃতি এবং এসি (ল্যান্ড) অফিসের অসহযোগিতা, গড়িমসি ও দুর্নীতির মাধ্যমে হয়রানি বন্ধ করতে হবে।

৫. জাতীয় পর্যায়ে এবং প্রতিটি জেলায় ভূমি প্রশাসন, সরকারি আইনজীবী, ভুক্তভোগী জনপ্রতিনিধি এবং ভুক্তভোগী আইনজীবী প্রতিনিধি সমন্বয়ে একটি কমিটি গঠন করে অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইনের বাস্তবায়ন নিয়মিত পরিবীক্ষণের ব্যবস্থা করতে হবে।

৬. অবিলম্বে আইন মন্ত্রণালয় হতে আপীল ট্রাইব্যুনালের রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে রিট আবেদনের নির্দেশনা/ অনুশাসন প্রত্যাহার করতে হবে। এবং আপীল ট্রাইব্যুনালের রায় কার্যকরের জন্য জেলা প্রশাসকদের নির্দেশনা দিয়ে "আইন অনুযায়ী অর্পিত সম্পত্তি প্রত্যপর্ণ ট্রাইব্যুনালের রায় চূড়ান্ত বিধায় রায় অনুসারে সম্পত্তি অবমুক্ত করতে ভূমি মন্ত্রণালয়ের অনুমতির প্রয়োজন নাই" বলে যে পরিপত্রটি ১২টি জেলার জন্য গত ০৯ জানুয়ারী ২০১৭ তারিখে জারি করা হয়েছে তা সকল জেলার জন্য জারি করতে হবে ও দ্রুত বাস্তবায়ন করতে হবে।

৭. 'ক' তালিকাভুক্ত অর্পিত সম্পত্তির প্রত্যর্পণ আবেদন দ্রুত নিষ্পত্তির স্বার্থে অর্পিত সম্পত্তি ট্রাইব্যুনালে সরকার পক্ষ থেকে লিখিত জবাব দাখিলের জন্য মাসের পর মাস অহেতুক সময়ক্ষেপন বন্ধ করতে দ্রুত ব্যবস্থা নিতে হবে। অহেতুক নিষ্পত্তি বিলম্বিত করার এই প্রক্রিয়া বন্ধ করতে আইন মন্ত্রণালয় থেকে নির্দেশনামূলক/প্রয়োজনীয় পরিপত্র জরুরি ভিত্তিতে জারি করতে হবে।

৮. অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ সংক্রান্ত বিপুল সংখ্যক আবেদন নিষ্পত্তির জন্য সকল জেলায় অন্তত একটি পৃথক পূর্ণকালীন (exclusive) অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ নিষ্পত্তি ট্রাইব্যুনাল গঠন করতে হবে। এর জন্য প্রয়োজনে অতিরিক্ত বিচারক নিয়োগের পদক্ষেপ অবিলম্বে নিতে হবে।

৯. ইতোপূর্বে জেলা জজ ও অতিরিক্ত জেলা জজ সমমর্যাদাসম্পন্ন ট্রাইব্যুনালের দেওয়া রায়ের বিরুদ্ধে করা আপীল নিষ্পত্তির জন্য বিশেষ আপীল ট্রাইব্যুনাল গঠনের ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করতে হবে।

একই সাথে আমরা উক্ত দাবীগুলি বাস্তবায়নে সকল অসাম্প্রদায়িক, দেশপ্রেমিক ও গণতান্ত্রিক শক্তির দৃঢ় ও সক্রিয় উদ্যোগ ও সহযোগিতা কামনা করছি।

## অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন বাস্তবায়ন জাতীয় নাগরিক সমন্বয় সেলভুক্ত সংস্থাসমূহ-

❖ বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ ❖ অর্পিত সম্পত্তি আইন প্রতিরোধ আন্দোলন ❖ এএলআরডি
❖ বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ ❖ নিজেরা করি ❖ বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)
❖ সম্মিলিত সামাজিক আন্দোলন ❖ আইন ও সালিশ কেন্দ্র ❖ এইচ ডি আর সি

* ভুক্তভোগীদের অবগতির জন্যে বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়ের জারিকৃত বিভিন্ন পরিপত্রের অনুলিপি মুদ্রিত ও প্রচারিত হলো।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৫৮.১৬-১০ তারিখঃ ০৯/০১/২০১৭।

বিষয় ঃ অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনালের রায় বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র ঃ (১) জেলা প্রশাসক, নীলফামারী এর স্মারক নং ৮০৯ তারিখঃ ২৫/১০/১৬, (২) চুয়াডাঙ্গা এর স্মারক নং- ১৯৭১ তারিখঃ ০৯/১১/১৬।
(৩) জেলা প্রশাসক, নড়াইল এর স্মারক নং ১৭৭ তারিখঃ ০৭/১১/১৬; (৪) নড়াইল এর স্মারক নং ১৩৭ তারিখঃ ২০/০৯/১৬।
(৫) নড়াইল এর স্মারক নং ১৩৬ তারিখঃ ২০/০৯/১৬; (৬) নড়াইল এর স্মারক নং ৮২ তারিখঃ ১৬/০৬/১৬।
(৭) নড়াইল এর স্মারক নং ৭২ তারিখঃ ০১/০৬/১৬; (৮) নড়াইল এর স্মারক নং ৮১ তারিখঃ ১৬/০৬/১৬।
(৯) নারায়নগঞ্জ এর স্মারক নং- ৩৪০ তারিখঃ ০৫/০৯-১৬; (১০) নারায়নগঞ্জ এর স্মারক নং- ২৯৭ তারিখঃ ০৮/০৮/১৬।
(১১) ঝালকাঠি এর স্মারক নং ৩১৬ তারিখঃ ২৮/০৮/১৬; (১২) ঝালকাঠি এর স্মারক নং ৩১৪ তারিখঃ ২১/০৮/১৬।
(১৩) ঢাকা এর স্মারক নং ৮৭৪ তারিখঃ ০৭/০৬/১৬, (১৪) ঢাকা এর স্মারক নং ৮৭২ তারিখঃ ০৬/০৬/১৬।
(১৫) ঢাকা এর স্মারক নং ৮৭৬ তারিখঃ ০৭/০৬/১৬; (১৬) ঢাকা এর স্মারক নং ৮৭৫ তারিখঃ ০৭/০৬/১৬।
(১৭) জামালপুর এর স্মারক নং ৬৮৩ তারিখঃ ২৮/০৬/১৬; (১৮) দিনাজপুর এর স্মারক নং ৪৬২ তারিখঃ ১৬/০৭/১৬।
(১৯) পিরোজপুর এর স্মারক নং ৪৮২ তারিখঃ ১৩/১১/১৬; (২০) নাটোর এর স্মারক নং ১৭১৯ তারিখঃ ২০/১১/১৬।
(২১) কুমিল্লা এর স্মারক নং- ১৪৬৭ তারিখঃ ১৬/০৬/১৬; (২২) চাঁদপুর এর স্মারক নং ৭১৬ তারিখঃ ২৬/০৯/১৬।

উপর্যুক্ত বিষয়ে ইতোপূর্বে বিভিন্ন জেলার জেলা প্রশাসকগণের নিকট থেকে অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনাল সরকারের বিপক্ষে তথা ব্যক্তি/সংস্থার অনুকূলে রায় প্রাপ্ত সম্পত্তি সংশ্লিষ্ট ব্যক্তি/সংস্থার নামে নামজারি করা যাবে কি না বা উচ্চ আদালতে আপিল/রিট করা যাবে কি না এ বিষয়ে নির্দেশনা চাওয়া হলে ভূমি মন্ত্রণালয়ের তদানিন্তন সিনিয়র সচিব মহোদয়ের স্বাক্ষরে এ মন্ত্রণালয়ের ২৮/১০/২০১৫ তারিখের ৩১.০০.০০০০.০৪৫.০৬৮.০১৫(অংশ).১৫-৪২৭ নং স্মারক মূলে একটি পরিপত্র জারী করা হয়। উক্ত পরিপত্রে সুস্পষ্টভাবে উল্লেখ করা হয় যে, সরকারের কোন বড় রকমের অপরিহার্যতা না থাকলে এ জাতীয় বিষয় মতামত, পরামর্শ বা নির্দেশনা গ্রহণের নিমিত্তে মন্ত্রণালয়ে না পাঠিয়ে জেলা প্রশাসকগণ তা অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী নিষ্পত্তি করবেন।

অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইনের ১১ ও ১২ ধারা মোতাবেক জেলা প্রশাসক অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনাল/আপিল ট্রাইব্যুনালের রায় ও ডিক্রী বাস্তবায়নে আইনত দায়িত্ব ও ক্ষমতা প্রাপ্ত। অপরদিকে উক্ত আইনের ২২ ধারা মোতাবেক অর্পিত সম্পত্তি আপিল ট্রাইব্যুনালে প্রদত্ত রায় চূড়ান্ত বলে গণ্য।

উক্ত আইনগত সুস্পষ্ট নির্দেশনা সহ ভূমি মন্ত্রণালয়ের উল্লিখিত পরিপত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা থাকার পরও তাঁরা অর্পিত সম্পত্তি আপিল ট্রাইব্যুনালের রায়ের বিরুদ্ধে কোন প্রেক্ষাপটে আইনের ব্যত্যয় ঘটিয়ে মহামান্য হাইকোর্টে আপিল/রিট দায়েরের নিমিত্ত সূত্রোক্ত স্মারকাদিমূলে উদ্যোগ নিয়েছেন তা জানা আবশ্যক।

বর্ণিত অবস্থায়, (১) আপিল ট্রাইব্যুনালের রায়ই চূড়ান্ত তা জানা সত্বেও কেন তারা উক্ত রায় বাস্তবায়ন করেননি; (২) কেন অপিত সম্পত্তি প্রত্যর্পণ আইনের সুস্পষ্ট বিধানের ব্যত্যয় ঘটিয়ে আপিল ট্রাইব্যুনালের রায়ের বিরুদ্ধে মাহামান্য হাইকোর্টে আপিল/রিট দায়েরের উদ্যোগ নিয়েছেন; (৩) সংশ্লিষ্ট সম্পত্তিতে সরকারি স্বার্থ থাকলে কেন তা আপিল ট্রাইব্যুনালে যথাযথভাবে উপস্থাপন হয়নি; (৪) আপিল ট্রাইব্যুনালে সরকারের স্বার্থ যথাযথভাবে উপস্থাপনে কোন কর্মকর্তা/কর্মচারী/কৌসুলি ব্যর্থ হলে তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেয়া হয়েছে এবং (৫) আপিল ট্রাইব্যুনালের রায়ের বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে আপিল/রিট দায়েরের পক্ষে সরকারের বড় ধরণের কী অপরিহার্যতা রয়েছে, তা জরুরী ভিত্তিতে এ মন্ত্রণালয়কে জানানোর জন্য নির্দেক্রমে অনুরোধ করা হ'ল।

/স্বাক্ষর (অস্পষ্ট)
(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

জেলা প্রশাসক,
নীলফামারী/চুয়াডাঙ্গা/নড়াইল/ঝালকাঠি/নারায়নগঞ্জ/ঢাকা/জামালপুর/
দিনাজপুর/পিরোজপুর/কুমিল্লা/চাঁদপুর/নাটোর।

D\Office work_2017\Letter_2017 docx



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয় কর্তৃক ওয়েবসাইটে প্রকাশিত ও প্রচারিত।
অর্পিত সম্পত্তি প্রত্যর্পন আইন বাস্তবায়ন জাতীয় নাগরিক সমন্বয় সেল, বাড়ী-১/৩, ব্লক-এফ, লালমাটিয়া, ঢাকা-১২০৭ থেকে ভুক্তভোগীদের অবগতির স্বার্থে পুণমুদ্রিত ও প্রচারিত ❖ মার্চ ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬০.১৬-০৭ তারিখঃ ০৮/০১/২০১৭।

বিষয় ঃ অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ অনুযায়ী বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তি প্রসংগে।

সূত্র ঃ (১) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২-৬১৪ তারিখ: ২০/১১/২০১৩।
(২) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২-৬১৫ তারিখ: ২১/১১/২০১৩।
(৩) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৪২ তারিখ: ২২/০৫/২০১৪।
(৪) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-৩৩৪ তারিখ: ১৪/০৭/২০১৪।
(৫) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৯২ তারিখ: ০৭/০৭/২০১৫।
(৬) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-০২১ তারিখ: ০৭/০১/২০১৬।
(৭) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-১২২ তারিখ: ২৮/০৩/২০১৬।
(৮) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৫০ তারিখ: ১২/০৭/২০১৬।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর মাধ্যমে 'খ' তফসিল বাতিল হওয়ার পর ১নং সূত্রোক্ত পরিপত্র মূলে উক্ত আইনগত বিধান মোতাবেক জনস্বার্থে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়, যা এখনো কার্যকর রয়েছে। এতদসংক্রান্ত বিষয়ে করণীয় সুস্পষ্ট করার নিমিত্ত ২নং ও ৩নং সূত্রোক্ত পরিপত্র মূলে কতিপয় নির্দেশনা জারি করা হয়; যা পরবর্তীতে বাতিল করত: ৪নং সূত্রোক্ত পরিপত্র জারি করা হয়। বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধনের নিমিত্ত উক্ত পরিপত্রের ব্যাখ্যানুসারে আবেদন দাখিলের সময়সীমা ১৩/০৭/২০১৫ তারিখ নির্ধারিত থাকার প্রেক্ষাপটে পরবর্তীতে তা ৫নং, ৬নং ও ৭নং সূত্রোক্ত স্মারকাদিমূলে বিভিন্ন মেয়াদে এবং সর্বশেষ ৮নং সূত্রোক্ত স্মারক মূলে ৩০/০৯/২০১৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। উক্ত নির্ধারিত সময়সীমা ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে। এর ফলে মাঠ পর্যায়ে ক্ষেত্রেভেদে করণীয় বিষয়ে সিদ্ধান্তহীন অচলাবস্থা সৃষ্ট হয়েছে মর্মে ভূমি মন্ত্রণালয় অবহিত হয়েছে।

অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইনের ধারা ২৮ক এর উপধারা (১) মূলে বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তিতে উপধারা (৪) অনুযায়ী সরকার বা কোন ব্যক্তির স্বত্ব বা স্বার্থ সম্পর্কে প্রচলিত আইনের অধীন প্রতিকার লাভে কোন আইনগত বাধা থাকবে না মর্মে সুস্পষ্ট বিধান রয়েছে। উক্ত আইনের বিধানে সরকার বা ব্যক্তির স্বত্ব বা স্বার্থ অনুযায়ী প্রতিকারে কোন সময়সীমা নির্ধারণ করা হয়নি।

এই পরিপ্রেক্ষিতে, সময়সীমা সংক্রান্ত বিষয়ে অচলাবস্থার সৃষ্টি না করে অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইনের ধারা ২৮ক এর উপধারা-(৪) এর বিধান অনুযায়ী সরকার বা ব্যক্তির আইনানুগ প্রাপ্য স্বত্ব বা স্বার্থ সংরক্ষণে প্রচলিত আইন অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

জেলা প্রশাসক,
.............................. (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।

দৃঃআঃ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬০.১৬-০৭(১০০) তারিখঃ ০৮/০১/২০১৭।

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০১। চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
০৪। কমিশনার, ................................................ বিভাগ (সকল)।
০৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
০৬। জোনাল সেটেলমেন্ট অফিসার, ................................................ (সকল)।
০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয় কর্তৃক ওয়েবসাইটে প্রকাশিত ও প্রচারিত।
অর্পিত সম্পত্তি প্রত্যর্পন আইন বাস্তবায়ন জাতীয় নাগরিক সমন্বয় সেল, বাড়ী-১/৩, ব্লক-এফ, লালমাটিয়া, ঢাকা-১২০৭ থেকে ভুক্তভোগীদের অবগতির স্বার্থে পুণমুদ্রিত ও প্রচারিত ❖ মার্চ ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬০.১৬-৪৫০ তারিখঃ ২৯/১২/২০১৬।

বিষয় ঃ বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির দাবীদারগণের আবেদন দাখিল ও নিস্পত্তি সংক্রান্ত।

সূত্র ঃ (১) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-৩৩৪ তারিখঃ ১৪/০৭/২০১৪।
(২) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৯২ তারিখঃ ০৭/০৭/২০১৫।
(৩) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-০২১ তারিখঃ ০৭/০১/২০১৬।
(৪) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-১২২ তারিখঃ ২৮/০৩/২০১৬।
(৫) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৫০ তারিখঃ ১২/০৭/২০১৬।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর মাধ্যমে 'খ' তফসিল বাতিল হওয়ায় উক্ত বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধনের জন্য ১নং সূত্রোক্ত স্মারকে জারিকৃত পরিপত্রের আলোকে আবেদন দাখিল করার সময়সীমা পরবর্তীতে ২নং, ৩নং ও ৪নং সূত্রের ধারাবাহিকতায় সর্বশেষ ৫নং সূত্রোক্ত স্মারকে গত ৩০/০৯/২০১৬ তারিখ পর্যন্ত পুন:নির্ধারণ করত: উক্ত সময় সীমার মধ্যেই এ সংক্রান্ত পুঞ্জীভুত সকল সমস্যা/বিষয় দ্রুত সমাধান নিশ্চিত করণের জন্য অনুরোধ জানানো হয়েছিল। এতদসত্বেও মাঠ পর্যায় থেকে সংগৃহীত তথ্য মোতাবেক এখানো এতদসংক্রান্ত লক্ষাধিক আবেদন অনিস্পন্ন রয়ে গেছে মর্মে পরিদৃষ্ট হয়; যা মোটেও কাম্য নয়।

এ প্রেক্ষাপটে সহকারী কমিশনার (ভূমি)গণকে গত ৩০/০৯/২০১৬ তারিখ পর্যন্ত তাঁদের নিকট দাখিলকৃত/প্রেরিত সকল এতদ্সংক্রান্ত আবেদন ফেলে না রেখে যথা নিয়মে কেস নথি সৃজন পূর্বক শুনানীঅন্তে আগামী তিন মাসের মধ্যে নিস্পত্তি নিশ্চিত করার জন্য, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)গণের নিকট দায়েরকৃত বা দায়েরকৃতব্য আপিলসমূহ যুক্তিসংঙ্গত স্বল্পতম সময়ের মধ্যে নিস্পত্তি নিশ্চিত করার জন্য এবং জেলা প্রশাসকগণকে স্ব স্ব জেলায় উক্ত কার্যক্রম যথাশীগ্র সুসম্পন্ন করার লক্ষ্যে উপর্যুক্ত কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদানসহ প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

জেলা প্রশাসক,
.............................. (সকল)।

অনুলিপি ঃ

১। বিভাগীয় কমিশনার ................................ (সকল)।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয় কর্তৃক ওয়েবসাইটে প্রকাশিত ও প্রচারিত।
অর্পিত সম্পত্তি প্রত্যর্পন আইন বাস্তবায়ন জাতীয় নাগরিক সমন্বয় সেল, বাড়ী-১/৩, ব্লক-এফ, লালমাটিয়া, ঢাকা-১২০৭ থেকে ভুক্তভোগীদের অবগতির স্বার্থে পুণমুদ্রিত ও প্রচারিত ❖ মার্চ ২০১৭